

আমতলীতে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় নকলের মহোৎসব

'ঠাণ্ডা ফি' আদায়ের অভিযোগ

■ আমতলী (বরগুনা) সর্বোদ্যোগে আমতলী ডিগ্রি কলেজ কেন্দ্রে শুক্রবার উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এইচএসসি ও ডিগ্রি পরীক্ষার ইংরেজি ১ম পত্রের নকলের মহোৎসব চলেছে। পরীক্ষার হলে নকল করতে দেয়ার জন্য এ কলেজের অধ্যক্ষ মজিবুর রহমান প্রতিটি পরীক্ষার্থীর কাছ থেকে এক হাজার টাকা করে 'ঠাণ্ডা ফি' আদায় করেছেন বলে জানা গেছে। পরীক্ষার্থীদের অনুযোগ, সাংবাদিকরা যাওয়ার পরে কেন্দ্রের সকল সুবিধা বন্ধ হয়ে যায়।

বিরাজ করছে। পরীক্ষা শুরু দেড় ঘণ্টা পর সকাল সাড়ে দশটায় বেশ কয়েকজন পরীক্ষার্থীকে তাড়াহুড়ো করে রক্ত পরিবর্তন করতে দেখা যায়। পরীক্ষার্থীকে পরিদর্শকরা জানালেন, ভুল করে অন্য কক্ষে বসেছিলেন এ পরীক্ষার্থীরা। পরীক্ষা কেন্দ্রে বিশৃঙ্খলার বিষয়টি স্বীকার করে অধ্যক্ষ মজিবুর রহমান বলেন, ঠাণ্ডা ফি সম্পর্কে আমার কিছু জানা নেই। এটা শত্রুতাবশত কেউ ছড়িয়েছে।

জানা গেছে, এ বছর উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এইচএসসি ও ডিগ্রি পরীক্ষায় ১ম ও ২য় পর্ব মিলিয়ে মোট ৩৩৬ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। ঐ কলেজের বেশ কয়েকজন শিক্ষক অভিযোগ করে জানান, গত ৩০ মার্চ ১ম দিনে পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে কেন্দ্র সচিব ও কলেজ অধ্যক্ষ প্রসন্ন ক্রম ফাঁস করে দেন। কলেজের সামনে বিভিন্ন দোকানে প্রসন্ন ও উত্তারের ফটোগ্রাফি কপি বিক্রির রহস্যমা বাণিজ্য চলে। ৬ এপ্রিলও দেখা যায় ফটোগ্রাফির দোকানে প্রসন্ন ও উত্তার সংগ্রাহকদের উপচেপড়া ভিড়। এ ব্যাপারে আমতলীর উপজেলা নির্বাহী কর্মকর্তা মশিউর রহমান জানান, এ ঘটনা আমার কানেও এসেছে। তবে সেদিন আমতলীর বাইরে থাকায় কোন ব্যবস্থা নিতে পারিনি। গতকাল শুক্রবার পরীক্ষা কেন্দ্রে গিয়ে দেখা যায়, বহিরাগতদের ভিড়সহ চরম বিশৃঙ্খলা